

☐ নথিভুক্ত	☒ পেশ করুন	☐ জরুরী
পত্র প্রাপ্তির তারিখ: ২৩/০৭/২০২২		
☒ পরিচালক (সশাঃ ও অর্থ)	পরিচালক (পরিঃ ও উন্নয়ন)	
☐ পরিচালক (শিক্ষা)	পরিচালক (স্বাস্থ্য/পরিচালকের কার্যালয়)	
☐ উপঃ প্রশাসন	উপঃ (পাবনা) স্বাস্থ্য অডিট অধিদপ্তর	
☐ উপঃ (অর্থ)	প্রকৌশলী (সিভিল)	
☐ উপঃ (অঃ ও পঃ)	উপঃ (রংপুর) অডিট কমপ্লেক্স (৮ম ও ৯ম তলা)	
☐ উপঃ (টেক্সটাইল ও কপেজ)	সিওনবাগিচা, ঢাকা-১০০০।	
☐ উপঃ (ডিপ্লোঃ ও ভোকঃ)		
☐ উপঃ (উন্নয়ন)		
নথি নং-৮২.১০.০০০৮.১০০.০০.০০১.২		

স্বাস্থ্য পরিচালকের স্বাক্ষর

তারিখ:

২৮ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১১ মে ২০২২ খ্রিস্টাব্দ

সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : উপ-সচিব (অডিট অধিশাখা)।

বিষয়: বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ২০১৮-২০১৯ অর্থবছরের ০৩টি প্রতিষ্ঠানের অডিট আপত্তির জবাব প্রদান প্রসংগে।


সূত্র:

- ১। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পত্র নং: ২৪.০০.০০০০.১১৩.০১.১৫৪.২১-১৬০ তারিখ: ২৩/০৬/২০২১
- ২। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পত্র নং: ২৪.০০.০০০০.১১৩.০১.১৫৫.২১-২৪৭ তারিখ: ০৭/১১/২০২১
- ৩। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পত্র নং: ২৪.০০.০০০০.১১৩.০১.১৫২.২১-২৭৭ তারিখ: ১২/১২/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রগুলোর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সূত্রস্থ পত্রগুলোর মাধ্যমে প্রেরিত মন্ত্রণালয়ের জবাব ও প্রমাণকের আলোকে আদিষ্ট হয়ে এ কার্যালয়ের মন্তব্য নিম্নে প্রদান করা হলো।

ক্রমিক নং	নিরীক্ষা সাল ও অনুচ্ছেদ নং/ সংকলন বছর ও অনুচ্ছেদ নং	প্রতিষ্ঠানের নাম	শিরোনাম	প্রতিষ্ঠানের মন্তব্য/জবাব	মন্ত্রণালয়ের মন্তব্য	নিরীক্ষা কার্যালয়ের মন্তব্য
১	২০১৮-২০১৯, অনু-৪.০২/ সংকলন বছর- ২০২১, অনুচ্ছেদ নং-০৭	টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, নারায়নগঞ্জ।	বাজেটে সংস্থান না থাকা সত্ত্বেও বিভিন্ন প্রতিষ্ঠানের অনুকূলে ব্যয় মঞ্জুরী প্রদানের মাধ্যমে ১,৬৩,৯৭,০০০ টাকা অনিয়মিত ব্যয়।	উক্ত মালামালগুলো প্রধান কার্যালয় হতে ক্রয় করার জন্য কমিটি গঠন করে দরপত্র পত্রিকার মাধ্যমে আহবান করা হয় এবং দরপত্র মূল্যায়ন করে কার্যাদেশ প্রদান করেন। পরবর্তীতে দেখা যায় মাঠ পর্যায়ে প্রতিষ্ঠানগুলোর জন্য ক্রয় করা মালামালের অর্থ প্রধান কার্যালয়ের বাজেট হতে পরিশোধ করা সম্ভব নয়। পরবর্তীতে ঐ দরপত্রের আলোকে প্রধান কার্যালয় সমস্ত ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করিয়া মালামালগুলো নির্ধারিত টিভিআইগুলোতে সরবরাহ নিশ্চিত করে এবং নারায়নগঞ্জ টিভিআই এর বাজেট বরাদ্দ	জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো।	বাজেট বরাদ্দ না থাকা সত্ত্বেও বিভিন্ন প্রতিষ্ঠানের অনুকূলে মঞ্জুরী প্রদানের মাধ্যমে অননুমোদিতভাবে ব্যয় করে আর্থিক বিধি বিধান লঙ্ঘন করা হয়েছে। সূতরাং অনিয়মের সাথে জড়িত ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ বাজেট বহির্ভূত ব্যয় নিয়মিতকরণের কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



৩০০০

				দিয়ে মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করার জন্য নির্দেশ প্রদান করেন।		
২	২০১৮-২০১৯, অনু-৪.০৩/ সংকলন বছর- ২০২১, অনুচ্ছেদ নং-০৮	ঐ	ক্রয় না করেই বইপত্র এবং সাময়িকী ক্রয় বাবদ ব্যয় প্রদর্শন করায় অর্থিক ক্ষতি ২৯,৯৮,৩৮০ টাকা।	আপত্তিতে উল্লিখিত জবাবের বিপরীতে জানানো যাচ্ছে যে বই, পত্র সাময়িকী খাত হতে মোট ৪৬ আইটেমে ৪২ সেট বই ক্রয় করা হয়েছিল প্রতিটি টিভিআই প্রতিষ্ঠানের জন্য। উক্ত বইগুলো প্রধান কার্যালয় হতে ৪২টি টিভিআই এর প্রতিনিধিগণ গ্রহণ করেছেন। অত্র প্রতিষ্ঠানে ০১ সেট অর্থাৎ ৪৬টি বই পাওয়া গিয়াছে। যাহা অডিট কমিটিকে দেখানো হয়েছে।	জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো।	নিরীক্ষাকালীন বাস্তব যাচাইকালে ক্রয়কৃত বইপত্র ও সাময়িকীগুলো টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, নারায়ণগঞ্জে পাওয়া যায়নি। তা ছাড়া এক প্রতিষ্ঠানের সংশোধিত বাজেট হতে অন্য প্রতিষ্ঠানের অনুকূলে ব্যয় মঞ্জুরি প্রদানের মাধ্যমে ব্যয় করায় আর্থিক শৃঙ্খলা লঙ্ঘিত হয়েছে। সুতরাং অনিয়মের সাথে জড়িত ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যিক।
৩	২০১৮-২০১৯, অনু-৫.০২/ সংকলন বছর- ২০২১, অনুচ্ছেদ নং-০৯	শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইনস্টিটিউট, গৌরনদী প্রকল্প।	প্রকৃত বাজার মূল্য অপেক্ষা অস্বাভাবিক উচ্চ মূল্যে মেশিনারিজ ক্রয় বাবদ অতিরিক্ত ব্যয় করায় ১,৫৫,৩১,১২৮ টাকা আর্থিক ক্ষতি।	অনুমোদিত ডিপিপি মূল্যের মধ্য থেকেই প্রকল্পের মেশিনারিজ ক্রয় কার্যক্রম সম্পাদন করা হয়েছে বিধায় অস্বাভাবিক উচ্চ মূল্যে বিভিন্ন মেশিনারিজ ক্রয় করায় ১,৫৫,৩১,১২৮ টাকা ক্ষতি মর্মে আপত্তিটি যথাযথ নয়।	জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো।	বাজার দর যাচাই না করে প্রকৃত বাজার মূল্য অপেক্ষা অস্বাভাবিক উচ্চ দরে মেশিনারিজগুলো ক্রয় করা হয়েছে। তাই প্রকৃত বাজার মূল্য অপেক্ষা অস্বাভাবিক উচ্চ মূল্যে ক্রয়ের বিষয়ে দায়-দায়িত্ব নির্ধারণসহ অতিরিক্ত পরিশোধকৃত অর্থ আদায় করা আবশ্যিক।

৪	২০১৮-২০১৯, অনু-৫.০৫/ সংকলন বছর- ২০২১, অনুচ্ছেদ নং-১০	ঐ	২য় শিফট ক্লাস পরিচালনা কাজের সাথে সংশ্লিষ্টতা বহির্ভূত কর্মচারীগণকে সম্মানি ভাতা প্রদান করায় ১৮,৮৫,১৬৩ টাকা সরকারের আর্থিক ক্ষতি।	অধ্যক্ষ কার্যালয়ের স্বারক মোতাবেক ষ্টয়ারিং কমিটির সভায় ১ম সংশোধিত ডিপিপিতে ২য় শিফটে ডিপ্লোমা কোর্সের পরিচালনা বাবদ এক বছরের (জুলাই-১৭ হতে জুন- ১৮) প্রয়োজনীয় সম্মানি ভাতা আরডিপিপিতে অন্তর্ভুক্ত করার নির্দেশ প্রদান করা হয়। প্রকল্পের ২য় শিফটের সম্মানি ভাতাসমূহ সরকারি সিদ্ধান্ত এবং অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রদান করা হয়েছে।	জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো।	প্রাপ্যতা বহির্ভূতভাবে কর্মচারীগণকে সম্মানি ভাতা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের নির্দেশ ব্যতিরেকে সম্মানি প্রদান করায় সংশ্লিষ্ট ব্যক্তি/ ব্যক্তিবর্গের নিকট হতে উক্ত টাকা আদায় করা আবশ্যিক।
৫	২০১৮-২০১৯, অনু-৫.০৮/ সংকলন বছর- ২০২১, অনুচ্ছেদ নং-১১	ঐ	নকল (Fake) ক্যাশ মেমোর মাধ্যমে ব্যয় প্রদর্শন করায় ৫,৬৩,৮১৫ টাকা আর্থিক ক্ষতি।	শহীদ আব্দুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইনস্টিটিউট গৌরনদী স্থাপন প্রকল্পের ২০১৮-২০১৯ অর্থবছরের অন্যান্য মনিহারি ব্যয় বাবদ বিভিন্ন কমিটির সম্মানি প্রদান, গাড়ী ফিটনেস বাবদ ব্যয়, কর্মচারীদের যাতায়াত ব্যয় প্রদান, পেপার বিল, ডিসবিল, আপ্যায়ন বাবদ ব্যয় করা হয়েছে। প্রকল্পের অফিস পরিচালনা, গৌরনদী টেক্সটাইল ইনস্টিটিউট অফিস পরিচালনার ব্যয় অন্যান্য ব্যয় থেকে সম্পাদন করা হয়েছে। অন্যান্য মালামাল ক্রয়ের ক্ষেত্রে বিভিন্ন দোকান থেকে মালামাল ক্রয় করে ক্যাশ মেমো সংগ্রহ করা হয়েছে। যা পরবর্তীতে বিল করা হয়েছে। কোনক্রমেই অগ্রিম ফাঁকা ক্যাশ মেমো সংগ্রহ করা হয়। একই হাতের লেখার ক্যাশ মেমো নয়। যদি একই দোকান থেকে মালামাল সংগ্রহ করা হয় তাহলে একই হাতের লেখা হতে পারে।	জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো।	চাহিদা ব্যতিরেকে নিজেদের প্রস্তুতকৃত ক্যাশ মেমোর মাধ্যমে মালামালের ক্রয় দেখিয়ে অর্থ উত্তোলন করা হয়েছে। সুতরাং দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক দায়ী ব্যক্তিবর্গের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণসহ আপত্তিকৃত অর্থ আদায় করা আবশ্যিক।
৬	২০১৮-২০১৯, অনু-৭.০১, ৭.০২, ৭.০৪ (একীভূত)// সংকলন বছর- ২০২১, অনুচ্ছেদ নং-১৩	শেখ রেহানা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, গোপালগঞ্জ স্থাপন প্রকল্প।	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এর পরিবর্তে সরাসরি ক্রয় পদ্ধতির (DPM) মাধ্যমে প্রকৃত	প্রকল্পে মেশিনারিজ খাতে অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপিতে ১৫২ আইটেমের ১৮০ সেট মেশিনারিজের মূল্য বাবদ ২৬৬৪.৩৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত বরাদ্দ হতে ২০১৮-২০১৯ অর্থ বছরে ৭৩টি আইটেমের ৭৮টি	জবাব ও প্রমাণকের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো।	আপত্তির জবাবে মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর নেই এবং মূল ডিপিপি, ১ম ও ২য় সংশোধিত ডিপিপি'র

			বাজার মূল্য অপেক্ষা অস্বাভাবিক উচ্চ মূল্যে বিভিন্ন মেশিনারিজ ক্রয় করে স্থাপন ও সন্তোষজনক পরিচালনা ছাড়াই ১৬৬১.২৩ লক্ষ টাকা অনিয়মিতভাবে পরিশোধ।	সেট মেশিনারিজ ১৬,৬১,২৩,০০০ টাকা ডিপিএম পদ্ধতিতে ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লি: এর মাধ্যমে ক্রয় করা হয়েছে। প্রকল্পের মূল ডিপিপি ও ১ম সংশোধিত ডিপিপিতে ওটিএম পদ্ধতিতে ক্রয়ের প্রভিশন থাকলেও পরবর্তীতে ২য় সংশোধিত ডিপিপিতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সুপারিশক্রমে ওটিএম পদ্ধতির পরিবর্তে ডিপিএম পদ্ধতির প্রভিশন রাখা হয়েছে। ২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম) পরিকল্পনা কমিশন থেকে অনুমোদিত হয়েছে তাই এখানে প্রতিযোগিতা এড়ানোর উদ্দেশ্যে তড়িগড়ি করে ২য় সংশোধিত ডিপিপিতে সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম) অন্তর্ভুক্ত করার কথাটি যুক্তিযুক্ত নয়।	সত্যায়িত কপিসহ পুনরায় জবাব প্রেরণ করা আবশ্যিক।
--	--	--	--	---	---

স্বাঃ

(নিতাই কুমার বিশ্বাস)

উপপরিচালক

রিপোর্ট সেক্টর

ফোন: ৮৩৯২০৩২

নথি নং-৮২.১০.০০০৮.১০০.০০.০০১.২২.৩৮ (৩)

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
১১ মে ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো:

১। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

২। উপপরিচালক, সেক্টর-২, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, ঢাকা।

৩। গার্ড ফাইল।

৪। অফিস কপি।

(Signature)
১৭/৫/২০২২

(নিতাই কুমার বিশ্বাস)

উপপরিচালক

রিপোর্ট সেক্টর

ফোন: ৮৩৯২০৩২